১৩৪

# ইং ২৪-৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত ২৩৮তম শিক্ষা পরিষদ সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

প্রস্তাব নং-৭৩

২০-৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স পর্যালোচনা কমিটি সভার কার্যবিবরণী বিবেচনা।

(পরিশিষ্ট-৭৩ প্রচারিত)

সিদ্ধান্ত নং-৭৩

২০-৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স পর্যালোচনা কমিটি সভার কার্যবিবরণী বিবেচিত হলো এবং অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

Approved under Res. No. 3 of the 461th meeting of the Syndicate held on 29. 8. 2015

রেজিস্ট্রার/এর পক্ষে
রাজশাহী বিশ্ববিদ্যালয়

পরিশিষ্টঃ- ৭৩ ১৬৩ -

রাজশাহী বিশ্ববিদ্যালয়

**২০/০৮/২০১৫ তারিখে অনুষ্ঠিত এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স পর্যালোচনা কমিটির সভার**

## কার্যবিবরণী

১১/০৪/২০১৫ তারিখে অনুষ্ঠিত শিক্ষা পরিষদের ২৩৭তম সভার ৩৩ নং সিদ্ধান্তের আলোকে [শিক্ষা পরিষদের সদস্যগণের মাঝে প্রচারিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স] শিক্ষা পরিষদের সদস্যগণের নিকট থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে ২০/০৮/২০১৫ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫-০০ টায় এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স পর্যালোচনা কমিটির সভা উপ-উপাচার্য মহোদয়ের অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাননীয় উপ-উপাচার্য ও এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স পর্যালোচনা কমিটির আহ্বায়ক **প্রফেসর ড. চৌধুরী সারওয়ার জাহান**।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ**

১. প্রফেসর ড. খন্দকার ফরহাদ হোসেন, ডীন, কলা অনুষদ, রা.বি.
২. প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান, ডীন, বিজ্ঞান অনুষদ, রা.বি.
৩. প্রফেসর মো. আব্দুল লতিফ, ডীন, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ, রা.বি.
৪. প্রফেসর ড. শাহানা কায়েস, ডীন, কৃষি অনুষদ, রা.বি.
৫. প্রফেসর ড. আবু বকর মো. ইসমাইল, ডীন, প্রকৌশল অনুষদ, রা.বি.
৬. প্রফেসর ড. স্বরোচিষ সরকার, পরিচালক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রা.বি.
৭. প্রফেসর ড. তানজিমা ইয়াসমিন, পরিচালক, ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস, রা.বি.
৮. প্রফেসর ড. মো. আজিজুল ইসলাম, পরিচালক, পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউট, রা.বি.
৯. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রাজশাহী বিশ্ববিদ্যালয় (আমন্ত্রণক্রমে)

পরিষদ শাখা সিনেট ভবন ০২.৯.২০১৫ রাজশাহী বিশ্ববিদ্যালয়

সভার প্রারম্ভে মাননীয় উপ-উপাচার্য ও এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স পর্যালোচনা কমিটির আহ্বায়ক **প্রফেসর ড. চৌধুরী সারওয়ার জাহান,** উপস্থিত সদস্যবৃন্দের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নরূপ প্রস্তাব ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**প্রস্তাব-১**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান (২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ থেকে কার্যকর) এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্সের এম.ফিল. ও পিএইচ.ডি. উভয় ক্ষেত্রে ধারা ৫ সংশোধন (ভর্তির যোগ্যতা) বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**সিদ্ধান্ত-১**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান (২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ থেকে কার্যকর) এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্সের এম.ফিল. ও পিএইচ.ডি. উভয় ক্ষেত্রে ধারা ৫ (ভর্তির যোগ্যতা) সংশোধন পূর্বক নিম্নরূপভাবে অনুমোদনের সুপারিশ করা হলো:

### এম.ফিল. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা

৫। (১) প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ **অথবা** গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে।

**এবং**

(২) কলা/সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে (তবে, কলা অনুষদভুক্ত ইংরেজি বিভাগ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

**অথবা**

আইন/বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীব ও ভূ-বিজ্ঞান/কৃষি/প্রকৌশল অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে **অথবা** গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

**অথবা**

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

**অথবা**

(৩) যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ৫ ধারার উপধারা (১) ও (২)-এর শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ)-এর ক্ষেত্রে] কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে। শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

এই উপধারাসমূহ এম.ফিল. বিধি-২০০২ এ বর্ণিত (২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ থেকে সংশোধিত) ৫ ধারার ভর্তির যোগ্যতা (Qualifications)-এর স্থলে প্রতিস্থাপিত হবে এবং উক্ত ধারা ৫ এর ১ থেকে ৩ উপধারাসমূহ এই সাথে বাতিল বলে গণ্য হবে।

**এই বিধি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।**

## পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা

৫। (১) প্রার্থীর এম.ফিল. বিধির ৫ ধারার উপধারা (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এম.ফিল./সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

**অথবা**

(২) প্রার্থীর যদি এম.ফিল. বিধির ৫ ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ অর্জন করে থাকেন, তাহলে তাঁরা পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন জমা দিতে পারবেন।

**অথবা**

(৩) এম.ফিল. বিধির ৫ ধারার উপধারা (১) ও (২) এর ভর্তির যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ)-এর ক্ষেত্রে] কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন। তবে, শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

উপরের অংশটুকু পিএইচ.ডি. বিধি-২০০২ এ বর্ণিত (২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ থেকে সংশোধিত) ৫ ধারার ভর্তির যোগ্যতা (Qualifications)-এর স্থলে প্রতিস্থাপিত হবে এবং উক্ত ধারা ৫ এই সাথে বাতিল বলে গণ্য হবে।

**এই বিধি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।**

**প্রস্তাব-২**
**এম.ফিল./পিএইচ.ডি. থিসিস পরীক্ষণের জন্য সফ্ট বাউন্ড অবস্থায় জমা প্রদান বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

**সিদ্ধান্ত-২**
উপর্যুক্ত প্রস্তাব বিস্তারিত আলোচনা করা হলো এবং নিম্নরূপভাবে এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স-২০০২ এর এম.ফিল. বিধির ধারা ১১ এবং পিএইচ.ডি. বিধির ধারা ৯ আংশিক সংশোধনপূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করা হলো:

(১) এম.ফিল./পিএইচ.ডি. থিসিস পরীক্ষণের জন্য সফ্ট বাউন্ড অবস্থায় ৩ (তিন) কপি থিসিস ও থিসিসের ইলেকট্রনিক কপি MS Word (Version উল্লেখপূর্বক)/Latex/অন্যান্য ও PDF ফরম্যাটে রেজিস্ট্রার বরাবর জমা দিতে হবে (এম.ফিল. থিসিস সংশ্লিষ্ট বিভাগ অথবা ইনস্টিটিউট হয়ে রেজিস্ট্রার দপ্তরে এবং পিএইচ.ডি. থিসিস সংশ্লিষ্ট বিভাগ ও ডীনের মাধ্যমে **অথবা** ইনস্টিটিউটের ক্ষেত্রে পরিচালকের মাধ্যমে রেজিস্ট্রার দপ্তরে জমা হতে হবে)। রেজিস্ট্রার থিসিস ও থিসিসের ইলেকট্রনিক কপি পরীক্ষণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পাঠানোর ব্যবস্থা করবেন।

(২) থিসিস জমাদানের সময়ে এম.ফিল. গবেষকগণ থিসিসের Abstract/Synopsis সহ গবেষণা কাজের উপর কোনো স্বীকৃত জার্নালে (Refereed and Abstracted) ন্যূনতম ১টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত/গৃহীত হওয়ার কপি এবং পিএইচ.ডি. গবেষকগণ Abstract/Synopsis সহ গবেষণা কাজের উপর কোনো স্বীকৃত জার্নালে (Refereed and Abstracted) ন্যূনতম ২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত/গৃহীত হওয়ার কপি সংশ্লিষ্ট ডীন/পরিচালক মহোদয়ের অফিসে জমা দেবেন। উভয় ক্ষেত্রে প্রকাশিত/গৃহীত প্রবন্ধের প্রিন্টেড কপি থিসিসের সাথে জমা দিতে হবে।

(৩) এম.ফিল./পিএইচ.ডি. থিসিসের গবেষণা কাজের মৌলিকত্ব ও প্রকাশনা সংক্রান্ত তথ্য উল্লেখপূর্বক ঘোষণাপত্রে (Declaration) গবেষকের এবং সুপারভাইজার/প্রিন্সিপ্যাল সুপারভাইজার ও কো-সুপারভাইজারের স্বাক্ষর থাকতে হবে।

(৪) থিসিস পরীক্ষণ শেষে বিশেষজ্ঞগণের মতামতের আলোকে সংশোধিত কপি সংশ্লিষ্ট ডীন/পরিচালকের অফিসে জমা দেওয়ার পর মৌখিক পরীক্ষার সময় নির্ধারিত হবে।

মৌখিক পরীক্ষার পর পরীক্ষকগণের মতামতের আলোকে সংশোধিত থিসিসের চূড়ান্ত কপি [ইলেকট্রনিক কপিসহ (PDF ফরম্যাটে)] হার্ড কভারে বাউন্ড অবস্থায় ৩ (তিন) কপি পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে জমা দিতে হবে। পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর থিসিসের ইলেকট্রনিক কপি ও একটি হার্ড বাউন্ড থিসিস লাইব্রেরি ব্যবহারকারীদের জন্য কেন্দ্রীয় লাইব্রেরিতে প্রেরণ করবে।

(৫) ডীনের/পরিচালকের উপস্থিতিতে বিভাগের/ইনস্টিটিউটের এম.ফিল./পিএইচ.ডি. গবেষকগণকে মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট ডীনের/পরিচালকের কার্যালয়ে দিতে হবে।

(৬) এম.ফিল. থিসিসের হার্ড কভারের রং মেরুন এবং পিএইচ.ডি. থিসিসের হার্ড কভারের রং কালো হবে।

(৭) এম.ফিল. থেকে পিএইচ.ডি. প্রোগ্রামে ট্রান্সফারের ক্ষেত্রে ট্রান্সফার সেমিনার এবং এম.ফিল. ও পিএইচ.ডি. থিসিস/ডিজারটেশন সাবমিশনের পূর্বে প্রিসাবমিশন সেমিনার সংশ্লিষ্ট ডীন/পরিচালকের উপস্থিতিতে ডীনস/ইনিস্টিটিউট প্রেমিসে প্রদান করতে হবে। এম.ফিল./পিএইচ.ডি. গবেষকগণের কোর্স ওয়ার্ক এবং সেমিনার প্রদানের তারিখ সংক্রান্ত তথ্যাবলী সংশ্লিষ্ট ডীন অফিস/বিভাগ রেজিস্ট্রার দপ্তরে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করবে। এম.ফিল. থেকে পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরের (ট্রান্সফারের) পর গবেষককে/গবেষকগণকে পিএইচ.ডি. প্রোগ্রামে কমপক্ষে ১(এক) বছর থাকবে হবে।

এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স-২০০২ এর এম.ফিল. বিধির ধারা ১১-তে উপর্যুক্ত বিধির উপধারা ক্রমিক-(১), (২) ও (৩) এবং ধারা ১২-এর '... If all the examiners report that the thesis is of a standard that justifies an oral examination then the candidate will be called into attend an oral examination to defend the thesis or, at the discretion of the examiners, a practical examination or both, the oral and/or the practical examinations will be conducted by the examiners resident of available in Bangladesh...' –এর স্থলে বিধির উপধারা ক্রমিক-(৪), (৫) ও (৬) প্রতিস্থাপিত হবে এবং এই সাথে ধারা ১১ ও ধারা ১২-এর উপরের ইংরেজি অংশ রহিত বলে গণ্য হবে।

উপর্যুক্ত বিধি ক্রমিক-(১), (২) ও (৩) পিএইচ.ডি বিধির ধারা ৯-তে (ii) an abstract of the thesis in about 350 words, (iii) four typed-written or printed and bound copies of the thesis and (iv) a statement indicating that the thesis embodies the result of his/her own research. The Registrar will forward these documents to the Controller of Examiners এর স্থলে এবং ১৫(a)-তে If, after examination of the thesis, all the examiners including the one outside Bangladesh report that is adequate, the candidate shall be called into attend an oral examination to be conducted by the examiners resident or available in Bangladesh এর স্থলে প্রতিস্থাপিত হবে এবং পিএইচ.ডি.বিধির ধারা ৯ ও ১৫(a) তে বর্ণিত উপরের ইংরেজি অংশ রহিত বলে গণ্য হবে।

এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স-২০০২ এর এম.ফিল. বিধির ধারা ১৮-তে উপর্যুক্ত বিধির উপধারা ক্রমিক (৭) সংযোজিত হবে।

**প্রস্তাব-৩**

এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স-২০০২ এর এম.ফিল. বিধির ধারা ৮ এবং পিএইচ.ডি. বিধির ১২ ধারায় (ক) সংস্কৃত বিষয়ের গবেষকের জন্য সংস্কৃত/বাংলা/ইংরেজি (খ) উর্দু বিষয়ের গবেষকের জন্য উর্দু/বাংলা/ইংরেজি (গ) ফারসি বিষয়ের গবেষকের জন্য ফারসি/বাংলা/ইংরেজী ভাষায় অভিসন্দর্ভ লিখনের ভাষা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**সিদ্ধান্ত-৩**

বাংলা ও ইংরেজি ভাষার পাশাপাশি (ক) সংস্কৃত বিষয়ের গবেষকের জন্য সংস্কৃত ভাষায়, (খ) উর্দু বিষয়ের গবেষকের জন্য উর্দু ভাষায়, (গ) ফারসি বিষয়ের গবেষকের জন্য ফারসি ভাষায়, ও (ঘ) আরবি বিষয়ের গবেষকের জন্য আরবি ভাষায় থিসিস লিখন/রচনা করা যাবে। তবে, ইংরেজি ভাষা ব্যতীত অন্য কোন ভাষায় থিসিস লিখনের/রচনার ক্ষেত্রে ইংরেজি ভাষাতে গবেষণার শিরোনাম ও একটি সারসংক্ষেপ অবশ্যই থিসিসের সাথে থাকতে হবে।

এই বিধি এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স-২০০২ এম.ফিল. বিধির ধারা ৮ এবং পিএইচ.ডি. বিধির ধারা ১২-এর বাংলা ভাষায় লিখিত অংশের স্থলে প্রতিস্থাপিত হবে এবং এই সাথে পূর্বের বাংলা ভাষায় লিখিত অংশ রহিত বলে গণ্য হবে।

এই বিধি সিন্ডিকেটের তারিখ থেকে কার্যকর হবে।

**(প্রফেসর ড. চৌধুরী সারওয়ার জাহান)**
উপ-উপাচার্য
ও
আহ্বায়ক, এম.ফিল./পিএইচ.ডি. অর্ডিন্যান্স পর্যালোচনা কমিটি
রাজশাহী বিশ্ববিদ্যালয়